




২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীতে ভর্তি বিজ্ঞপ্তি

ইসলামী বিশ্ববিদ্যালয় প্রণীত প্রথম বর্ষ ভর্তি অর্ডিন্যান্স-এর আলোকে ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীতে নিম্নবর্ণিত ইউনিটের অন্তর্ভুক্ত বিভাগসমূহে ভর্তিচ্ছু আবেদনকারীগণ প্রকাশিত ভর্তি নির্দেশিকায় উল্লেখিত শর্তসমূহ যথাযথভাবে অনুসরণপূর্বক ওয়েবসাইট <http://iu.bigsoft.com> অথবা www.iu.ac.bd/admission-এ নির্দেশিত ধাপসমূহ অনুসরণ করে আবেদন করতে পারবেন।

১। ইউনিট কোড ও বিভাগসমূহ নিম্নরূপঃ

ইউনিট	বিভাগ
A	১. আল-কুরআন এন্ড ইসলামিক স্টাডিজ ২. দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ এবং ৩. আল-হাদীস এন্ড ইসলামিক স্টাডিজ
B	১. অর্থনীতি ২. আরবি ভাষা ও সাহিত্য ৩. বাংলা, ৪. ইসলামের ইতিহাস ও সংস্কৃতি ৫. ইংরেজি ৬. লোক প্রশাসন ৭. রাষ্ট্রবিজ্ঞান ৮. ফোকলোর স্টাডিজ ৯. ডেভেলপমেন্ট স্টাডিজ ১০. সোশ্যাল ওয়েলফেয়ার ১১. আইন ১২. আল-ফিক্হ এন্ড লিগ্যাল স্টাডিজ এবং ১৩. ল' এন্ড ল্যান্ড ম্যানেজমেন্ট
C	১. হিসাববিজ্ঞান ও তথ্য পদ্ধতি ২. ব্যবস্থাপনা ৩. ফিন্যান্স এন্ড ব্যাংকিং ৪. মার্কেটিং ৫. হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট এবং ৬. ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট
D	১. ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং ২. ফলিত রসায়ন ও কেমিকৌশল ৩. কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং ৪. ইনফরমেশন এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং ৫. বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং ৬. ফলিত পুষ্টি ও খাদ্য প্রযুক্তি ৭. গণিত ৮. পরিসংখ্যান ৯. বায়োমেডিক্যাল ইঞ্জিনিয়ারিং ১০. এনভায়রনমেন্টাল সায়েন্স এন্ড জিওগ্রাফি এবং ১১. ফার্মেসি

- আবেদনকারীর ন্যূনতম যোগ্যতা : (ক) যে সকল ছাত্র-ছাত্রী ২০১৭ বা ২০১৮ সনের উচ্চ মাধ্যমিক/সমমানের এবং ২০১২ সন বা তৎপরবর্তীতে মাধ্যমিক/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে কেবলমাত্র তারাই উপরোক্ত ইউনিটসমূহে ভর্তি পরীক্ষায় অংশ গ্রহণের জন্য আবেদন করতে পারবে।
(খ) আবেদন করার ন্যূনতম GPA সহ বিস্তারিত শর্তসমূহ ভর্তি নির্দেশিকায় পাওয়া যাবে। ভর্তি নির্দেশিকায় উল্লেখিত শর্তসাপেক্ষে বিভিন্ন কোর্সায়ও আবেদন করা যাবে।
- অনলাইন-এর মাধ্যমে আবেদন করার পদ্ধতি : ওয়েবসাইট www.iu.ac.bd/admission অথবা <http://iu.bigsoft.com> এ প্রকাশিত ভর্তি নির্দেশিকা এবং নির্দেশিত ধাপসমূহ অনুসরণ করে আবেদন করতে হবে।
- আবেদন করার সময়সীমা : ১৫ সেপ্টেম্বর ২০১৮ রাত ১২.০১ মিনিট থেকে ১০ অক্টোবর-২০১৮ রাত ১২.০০ মিনিট পর্যন্ত।
- প্রথমিক আবেদন ফরমের মূল্য : A ইউনিট ৫০০.০০ (পাঁচশত), B ইউনিট ১৫০০.০০ (এক হাজার পাঁচশত), C ইউনিট ৮০০.০০ (আটশত) এবং D ইউনিট ১৩০০.০০ (এক হাজার তিনশত) টাকা। এর সাথে আনুষঙ্গিক সার্ভিস চার্জ বাবদ ২৫.০০(পাঁচশ) টাকা করে যোগ করতে হবে।
- ভর্তি পরীক্ষা সংক্রান্ত তথ্য : (ক) ভর্তিচ্ছু প্রত্যেক আবেদনকারী কেবল সংশ্লিষ্ট ইউনিটের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। ভর্তি পরীক্ষা ০৪ নভেম্বর থেকে ৭ নভেম্বর ২০১৮ তারিখের মধ্যে অনুষ্ঠিত হবে। ভর্তি পরীক্ষার বিস্তারিত সময়সূচী পরবর্তীতে বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট www.iu.ac.bd/admission এ বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হবে।
(খ) ৮০ নম্বরের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। তন্মধ্যে ৬০ নম্বরের এমসিকিউ এবং ২০ নম্বরের লিখিত নৈর্ব্যক্তিক প্রশ্নোত্তর থাকবে। এমসিকিউ পরীক্ষায় প্রতিটি ভুল উত্তরের জন্য ২৫% নম্বর কাটা যাবে।
- ভর্তি পরীক্ষার ফলাফল ২০/১১/২০১৮ ইং তারিখের মধ্যে প্রকাশ করা হবে এবং চূড়ান্ত ভর্তি প্রক্রিয়া শেষে আগামী ১৫/০১/২০১৯ ইং তারিখে ক্লাশ শুরু হবে।
- ইসলামী বিশ্ববিদ্যালয়ে প্রচলিত বিদেশী ছাত্র-ছাত্রী ভর্তির নীতিমালা (Foreign Students Admission Ordinance) অনুযায়ী ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীতে উপরোক্ত ইউনিটসমূহের অন্তর্ভুক্ত বিভাগে বিদেশী ছাত্র-ছাত্রীরাও ভর্তি হতে পারবে। এ বিষয়ে বিস্তারিত তথ্য ও নীতিমালা বিশ্ববিদ্যালয়ে ওয়েবসাইট www.iu.ac.bd-এ থেকে সংগ্রহ করা যাবে।



(এস.এম.আব্দুল লতিফ)

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

ইসলামী বিশ্ববিদ্যালয়

কুষ্টিয়া